



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘বজ্রকণ্ঠ-শ্রেষ্ঠকণ্ঠ’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



মহান স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রামাণ্য দলিল হিসেবে স্বীকৃতি ও সংরক্ষণ করা উপলক্ষে আজ ১০ ডিসেম্বর-২০১৭, রবিবার, সকাল ১১টায় বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ‘বজ্রকণ্ঠ-শ্রেষ্ঠকণ্ঠ’ শীর্ষক আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী শামসুর রহমান শরীফ (ডিলু)।

সভায় বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম-এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদীন রাসেল-এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য প্রদান করেন বাংলাদেশ ছাত্রলীগ, কেন্দ্রীয় নির্বাহী সংসদের সভাপতি সাইফুর রহমান সোহাগ এবং সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন। এসময় বিভিন্ন অনুষ্ঠানের দিন, চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, ছাত্রনেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।